

2024-01

# Coding for All: 10 faculties complete Python training

Prothom Alo

---

---

<https://ar.iub.edu.bd/handle/11348/1113>

*Downloaded from IUB Academic Repository*



🏠 / কর্পোরেট কর্নার

## আইইউবির কোডিং ফর অল কর্মসূচি সম্পন্ন করলেন ১০ শিক্ষক

✍️ শিক্ষা ডেস্ক

🕒 প্রকাশ: ০২ জানুয়ারি, ২০২৪ ১২:১৩



Share 0



**ঢাকা:** ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)-এর 'কোডিং ফর অল' কর্মসূচির আওতায়, মৌলিক পাইথন কম্পিউটার প্রোগ্রামিং-এর কোর্স সফলভাবে সম্পন্ন করেছেন বিশ্ববিদ্যালয়ের

তাদের প্রশিক্ষণ দিয়েছেন আইইউবির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের তিন শিক্ষক।

২০২৩ সালের ২১ ডিসেম্বর আইইউবির সেন্টার ফর কগনিটিভ স্কিল এনহান্সমেন্ট (সিসিএসই)-এর কম্পিউটার ল্যাবে অংশগ্রহণকারীদের মধ্যে সদন বিতরণ করেন আইইউবিতে ‘কোডিং ফর অল’ ধারণাটির প্রবক্তা উপাচার্য তানভীর হাসান। তার সঙ্গে ছিলেন স্কুল অব বিজনেস অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপের ডিন অধ্যাপক মেহেরুন আহমেদ এবং স্কুল অব ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর ডিন অধ্যাপক মামুন বিন ইবনে রিয়াজ।

‘অটোমেট ইওর ডে উইথ পাইথন’ শিরোনামের চার সপ্তাহের এ বিশেষ কর্মশালাটি শেষ হয় ২০২৩ সালের ৭ ডিসেম্বর। প্রযুক্তি ও প্রকৌশল অনুষদ ছাড়া অন্য অনুষদের শিক্ষকদের মধ্যে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের সক্ষমতা বাড়ানোর উদ্দেশ্যে এ কর্মশালার আয়োজন করা হয়।

পাইথনের পাশাপাশি তথ্য সংরক্ষণ এবং মাইক্রোসফট এক্সেল সম্পর্কে ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়া হয় এ ১০ শিক্ষককে।

আইইউবির ইংলিশ অ্যান্ড মডার্ন ল্যাংগুয়েজেস বিভাগের অধ্যাপক এবং সার্ভিস সেন্টার ফর মাল্টিলিংগুয়াল এক্সিলেন্স-এর নির্বাহী পরিচালক মাহমুদ হাসান খান বলেন, কর্মশালায় অংশ নেওয়ার পেছনে তার মূল উদ্দেশ্য ছিল পাইথন ব্যবহার করে কীভাবে 'বিগ ডাটা' বিশ্লেষণ করা যায় তা জানা।

তিনি মূলত ভাষাতত্ত্ব নিয়ে গবেষণা করেন। এর অংশ হিসেবে তাকে প্রচুর পরিমাণে টেক্সট ডাটা নিয়ে কাজ করতে হয় যেমন সাক্ষাৎকার, ম্যানুস্ক্রিপ্ট ইত্যাদি। এ কর্মশালায় অংশ নিয়ে তিনি পাইথন ব্যবহার করে কীভাবে সেন্টিমেন্ট অ্যানালিসিস করা যায় সে বিষয়ে মৌলিক ধারণা পেয়েছেন বলে জানান।

উপাচার্য তানভীর হাসান বলেন, আইইউবির 'কোডিং ফর অল' কর্মসূচিটি বাংলাদেশে অনন্য। এর আওতায় আইইউবির প্রতিটি শিক্ষার্থীর জন্য কম্পিউটার প্রোগ্রামিং শেখা বাধ্যতামূলক করা হয়েছে, তা সে বিষয়েই পড়াশোনা করুক না কেন। দ্রুতগতির তথ্য ও যোগাযোগ প্রযুক্তির এ যুগে ৪র্থ শিল্প বিপ্লবের পূর্ণাঙ্গ সুফল পেতে হলে প্রযুক্তি ব্যবহারে দক্ষ হওয়ার কোনো বিকল্প নেই। শিক্ষার্থীদের পাশাপাশি আমরা শিক্ষকদেরও প্রযুক্তি ব্যবহারের বিষয়ে আগ্রহী করে তোলার চেষ্টা করছি যেন তারা তাদের অ্যাকাডেমিক কর্মকাণ্ডে আরও বেশি প্রযুক্তির ব্যবহার বাড়াতে পারেন।

আইইউবিতে 'কোডিং ফর অল' কর্মসূচির সূচনা হয় ২০২৩ সালের শুরুর দিকে। এর আওতায় বিভিন্ন বিভাগের কয়েকশ শিক্ষার্থীকে ইতোমধ্যেই কম্পিউটার প্রোগ্রামিংয়ের ওপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

বাংলাদেশ সময়: ১৮১০ ঘণ্টা, জানুয়ারি ০২, ২০২৪

আরআইএস